



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

‘বীর মুক্তিযোদ্ধা আবদুল জব্বার শিক্ষা সহায়ক ট্রাস্ট’ গঠন সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত



কুমিল্লা সিটি কর্পোরেশনের ২২নং ওয়ার্ডের পদুয়ার বাজারে অবস্থিত হাজী আক্রাম উদ্দিন হাই স্কুল এন্ড কলেজ'-এর সহায়তা করার লক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং বিশিষ্ট চিত্রশিল্পী (উপাচার্যের সহধর্মিণী) নাজমা আক্তার এগিয়ে এসেছেন। এ উপলক্ষে (১২ ফেব্রুয়ারি-২০১৮, সোমবার, বেলা ২টায়) ‘বীর মুক্তিযোদ্ধা আবদুল জব্বার শিক্ষা সহায়ক ট্রাস্ট’ গঠন সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

চুক্তিতে দাতা হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও নাজমা আক্তার এবং হাজী আক্রাম উদ্দিন হাই স্কুল এন্ড কলেজের পক্ষে গভর্নিং বডির সভাপতি আব্দুল মালেক ভূঁইয়া এবং সদস্য-সচিব অধ্যক্ষ মীর মোঃ আবু তাহের স্বাক্ষর করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অধ্যাপক ড. মীজানুর রহমান এবং নাজমা আক্তার-এর দানকৃত অর্থে পাঁচ সদস্য বিশিষ্ট ‘বীর মুক্তিযোদ্ধা আবদুল জব্বার শিক্ষা সহায়ক ট্রাস্ট’-এর ট্রাস্টি বোর্ড গঠিত হয়। এই ট্রাস্টের আওতায় প্রতি বছর ‘হাজী আক্রাম উদ্দিন হাই স্কুল এন্ড কলেজ’-এর গরিব ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের (গভর্নিং বডির সুপারিশক্রমে) শিক্ষা উপকরণ বা নগদ ‘বীর মুক্তিযোদ্ধা আবদুল জব্বার শিক্ষা সহায়ক বৃত্তি’ প্রদান করা হবে।